২৮৮

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... NOV. 03.1999
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১...

# ৭ ও ৮ নবেম্বরের হরতাল প্রত্যাহারের দাবি জানিয়েছে শিক্ষক সমিতি

বাংলাদেশ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ সাত ও আট নবেম্বরের হরতাল প্রত্যাহারের জন্য বিরোধীদলের কাছে দাবি জানিয়েছেন। তাঁরা বলেন, স্কুলের নির্বাচনী ও বার্ষিক পরীক্ষার শুরুতেই হরতাল দেয়ায় পরীক্ষা ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হয়েছে।

তাঁরা বলেন, সারা দেশের অধিকাংশ স্কুলে ২৮ অক্টোবর থেকে নির্বাচনী পরীক্ষা শুরু হয়েছে এবং প্রায় সব স্কুলেই একই প্রশ্নে আন্তঃস্কুল পরীক্ষা হচ্ছে। এ অবস্থায় ১ নবেম্বরের হরতালের কারণে এদিনের পরীক্ষা নিয়ে জটিলতার সৃষ্টি হয়েছে। নির্বাচনী পরীক্ষার পাশাপাশি চার থেকে সাত নবেম্বরের মধ্যে অধিকাংশ স্কুলে বার্ষিক পরীক্ষা শুরু হবে। এ সময় ৭ এবং ৮ নবেম্বর হরতালের কর্মসূচী দেয়া হয়েছে। যা পরীক্ষা ব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করবে। ছাত্রছাত্রীদের কথা বিবেচনা করে তাঁরা হরতালের এই কর্মসূচী প্রত্যাহারের দাবি জানিয়েছেন। খবর বিজ্ঞপ্তির।